47

ভোরের কাগজ

তারিখ ... 25 SEP 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ৭ ......

## ফলাফলের বিশেষ দিক

### ছেলেদের চেয়ে মেয়েদের পাসের হার বেশি

**কাগজ প্রতিবেদক :** এবারের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সারা দেশে ছেলেদের চেয়ে মেয়েরা বেশি পাস করেছে। ৫ বোর্ডে এবার ছেলেদের মোট পাসের হার ৪৫ দশমিক ৫৪ এবং মেয়েদের ৪৭ শতাংশ। তবে মেধাতালিকায় মেয়েদের চেয়ে ছেলেদের স্থান বেশি।

গতকাল ঘোষিত ৫ বোর্ডের ফলাফল বিশ্লেষণে দেখা গেছে, এ বছর সারা দেশে মোট ৩ লাখ ১ হাজার ৭৯ জন ছেলে পরীক্ষা দিয়েছিল, পাস করেছে ১ লাখ ৩৭ হাজার ১০৮ জন। মেয়ে পরীক্ষার্থী ছেলেদের তুলনায় প্রায় অর্ধেক, ১ লাখ ৭৭ হাজার ৯৪৯ জন, পাস করেছে ৮৩ হাজার ৬৪০ জন।

এ বছর ৫ বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগের মোট ১৫টি সম্মিলিত মেধাতালিকায় ৩০০টি স্থানে (প্রতিটিতে ২০টি করে) জায়গা পেয়েছে ৩৬৯ জন ছাত্রছাত্রী। এদের মধ্যে মেয়ে মাত্র ১২৬ জন, শতকরা হিসাবে ৩৪ দশমিক ১৫ শতাংশ।

### পরীক্ষার্থী বেশি মানবিকে পাসের হার বিজ্ঞানে

**কাগজ প্রতিবেদক :** এ বছর এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম কিন্তু পাসের হার সবচেয়ে বেশি। মানবিকে পরীক্ষার্থী বেশি, পাসের হার কম। আর বাণিজ্য বিভাগের ছেলেমেয়েরা এ দুয়ের মাঝামাঝি অবস্থানে রয়েছে।

৫ বোর্ডে মানবিক বিভাগে এবার মোট পরীক্ষার্থী ছিল ৩ লাখ ১১ হাজার ৯১০। এদের মধ্যে পাস করেছে ১ লাখ ২৬ হাজার ৬৮৫ জন। পাসের হার ৪০ দশমিক ৬২ শতাংশ।

বিজ্ঞান বিভাগে সারা দেশে পরীক্ষার্থী ছিল মানবিকের এক-তৃতীয়াংশেরও কম, মাত্র ৯০ হাজার ৪৫১ জন। এদের মধ্যে ৫৬ হাজার ৯৬১ জন পাস করেছে। পাসের হার মানবিকের দেড়গুণ, ৬২ দশমিক ৯৭ শতাংশ।

বাণিজ্য বিভাগে ৫ বোর্ডে মোট পরীক্ষা দিয়েছিল ৭৬ হাজার ৬৬৭ জন। এদের মধ্যে ৩৭ হাজার ১০২ জন পাস করেছে, পাসের হার ৪৮ দশমিক ৩৯ শতাংশ।